

## **AKASHVANI(Kolkata)**

### **Regional News Unit**

**Date: 13-11-2025**

**Time : 1-40 P.M**

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর কাজ খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের প্রতিনিধিরা আগামী সপ্তাহে ফের রাজ্যে আসছেন নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, সংশোধনী প্রক্রিয়ায় কোনো ধরনের অনিয়ম বা পক্ষপাতিত্ব যাতে না হয়, তা নিশ্চিত করতেই এই সফর। রাজ্যের বিভিন্ন জেলা ও ঝাঁকে SIR-এর অগ্রগতি, BLO দের কাজ এবং অভিযোগের নিষ্পত্তি কর্তৃদ্বয় এগিয়েছে, তা খতিয়ে দেখবেন কমিশনের কর্মকর্তারা।

\*\*\*\*\*

পাকিস্তান ও বাংলাদেশ থেকে লাগাতার হুমকি ফোন তাঁর কাছে আসছে বলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। আজ সকালে বিজেপির দলিয় কর্মসূচীতে উত্তরবঙ্গ রওনা হওয়ার আগে কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের তিনি বলেন, বিষয়টি তিনি সঠিক জায়গায় জানিয়েছেন।

( বাইট- শুভেন্দু )

SIR প্রসঙ্গে তিনি বলেন, জেলা প্রাইমারি স্কুল কাউন্সিলের চেয়ারম্যানরা, BLO-দের ওপর প্রভাব খাটানোর চেষ্টা করছে। রাজনৈতিক নেতাদের কথায় প্রভাবিত না হওয়ার ও যাবেদন জানান তিনি।

\*\*\*\*\*

SIR আবহে একটি সাইবার ক্যাফেতে হানা দিয়ে পুলিশ গতকাল এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। বাজেয়াপ্ত করা হয় নকল জন্ম মৃত্যু শংসাপত্র সহ একাধিক নকল সরকারি স্ট্যাম্প। এর আগে পুলিশ খড়িবাড়ির গ্রামীণ হাসপাতাল থেকে ডেটা এন্ট্রি অপারেটর পার্থ সাহা ও তার সহকর্মী নবজিত গুহ এবং আর এক সহকর্মীকে গ্রেপ্তার করে। তাদের জিজাসাবাদের পর, ফাঁসিদেওয়া ঝাঁকের বিধাননগরের সুব্রত ঘোষের নাম উঠে আসে। এরপরই খড়িবাড়ি থানা ও ফাঁসিদেওয়া থানার পুলিশ যৌথভাবে সুব্রত ঘোষের সাইবার ক্যাফেতে হানা দেয় এবং তল্লাশী করতেই উদ্ধার হয় ভুরিভুরি নকল জন্মের শংসাপত্র। বেশ কিছু সরকারি নকল স্ট্যাম্পও পাওয়া যায়। এই সরকারি স্ট্যাম্প এর সাহায্যে দোকানে বসেই নকল জন্ম সার্টিফিকেট তৈরি করা হত বলে অনুমান করা হচ্ছে। দীর্ঘক্ষণ জিজাসাবাদের পর, পুলিশ সুব্রত ঘোষ ওরফে লিটনকে গ্রেপ্তার করে। আজ তাকে শিলিঙ্গড়ি মহকুমা আদালতে তোলা হবে।

\*\*\*\*\*

ভারত-বাংলাদেশ সীমান্তের কয়েকশ' কিলোমিটার এলাকায় কাঁটাতারের বেড়া দেবার দাবীতে দায়ের হওয়া মামলায়, রাজ্যের হলফনামা তলব করেছে কলকাতা হাইকোর্ট। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চ, ১৫ দিনের মধ্যে রাজ্যের বক্তব্য হলফনামা আকারে জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, বাংলাদেশের সঙ্গে পশ্চিমবঙ্গের ২'হাজার ২১৬ কিলোমিটার সীমান্ত এলাকা রয়েছে। এর মধ্যে অনেক জায়গাতেই কাঁটাতারের বেড়া নেই। ফলে রাজ্যের পাশপাশি দেশে অনুপ্রবেশ ও চোরাচালন বাড়ছে। ক্ষতি হচ্ছে রাষ্ট্রীয় সম্পদের। কেন্দ্রের অতিরিক্ত সলিসিটার জেলারেল অশোক চক্রবর্তী আদালতে জানিয়েছেন, সীমান্তে বেড়া দেবার ব্যাপারে রাজ্য, কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহযোগিতা না করায়, সেই কাজ আটকে আছে। এর প্রেক্ষিতেই হাইকোর্টের এই নির্দেশ।

\*\*\*\*\*

আকাশবাণীর সঙ্গীতানুষ্ঠান এবং রামকৃষ্ণ পরমহংস দেবের ‘যত মত তত পথ’- বাণীই চলচিত্রে সঙ্গীত সৃষ্টির মূল প্রেরণা, বলে মোট প্রকাশ করেছেন বিশিষ্ট সুরকার শাস্ত্রনু মৈত্রা। কলকাতা আন্তর্জাতিক চলচিত্র উৎসবে “সুর যখন সিনেমায় পরিণত হয় শীর্ষক আলোচনায় অংশ নিয়ে” তিনি বলেন প্রথাগত শিক্ষার বাইরেও শুধুমাত্র প্রকৃতি ও মানুষকে ভালোবেসে সঙ্গীত সৃষ্টি সম্ভব।

( বাইট – শাস্ত্রনু)

উল্লেখ্য, ৩১-তম কলকাতা আন্তর্জাতিক চলচিত্র উৎসব শেষ হচ্ছে আজ। সেরা ছবি ও সেরা পরিচালকদের সম্মান জানানো হবে বিকেলে রবীন্দ্রসদনে। শতবর্ষে ঋত্বিক ঘটক এই পর্যায়ে তাঁর ছবিতে কাজ করা কলাকুশলী ও তাঁর ছাত্র-ছাত্রীদের সম্মাননা জানানোর আয়োজনও আজ করা হয়েছে। এবারের উৎসবে ৩৯ টি দেশের ২১৫ টি ছবি প্রদর্শিত হয় ২১টি প্রেক্ষাগৃহে। আন্তর্জাতিক বিভাগে সেরা চলচিত্রটি প্রদর্শিত হবে সংক্ষে সাতটায় নন্দনের মূল প্রেক্ষাগৃহে।

\*\*\*\*\*

৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচিত্র উৎসব শেষ হচ্ছে আজ। সেরা ছবি ও সেরা পরিচালকদের সম্মান জানানো হবে বিকেলে রবীন্দ্রসদনে। দুপুরে বাংলা একাডেমি সভা ঘরে “সুর যখন সিনেমায় পরিণত হয়” শীর্ষক আলোচনায় অংশ নেবেন বিশিষ্ট সুরকার শাস্ত্রনু মৈত্রা। এছাড়া শতবর্ষে ঋত্বিক ঘটক এই পর্যায়ে তাঁর ছবিতে কাজ করা কলাকুশলী ও তাঁর ছাত্র-ছাত্রীদের সম্মাননা জানানোর আয়োজনও রয়েছে আজ। এবারের উৎসবে ৩৯ টি দেশের ২১৫ টি ছবি প্রদর্শিত হয় ২১টি প্রেক্ষাগৃহে। আন্তর্জাতিক বিভাগে সেরা চলচিত্রটি প্রদর্শিত হবে সংক্ষে সাতটায় নন্দনের মূল প্রেক্ষাগৃহে।

\*\*\*\*\*

শীতের মরসুমে প্রবীণ নাগরিকদের নিউমোনিয়ার সংক্রমণ রুখতে কেন্দ্র ও রাজ্য সরকার যৌথভাবে প্রবীণদের বিনামূল্যে নিউমোনিয়া ও ফ্লু ভ্যাকসিন দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। সার্বিক ভাবে চালু করার আগে পরীক্ষামূলকভাবে এই প্রকল্প শুরু হচ্ছে দেশের কিছু নির্বাচিত এলাকায়। রাজ্যে এই কর্মসূচির ‘পাইলট প্রজেক্ট’ হচ্ছে দক্ষিণ ২৪ পরগনার সোনারপুর ব্লকে। স্বাস্থ্যভবন সূত্রে খবর, সোনারপুরের ৬৬ি স্বাস্থ্যকেন্দ্রে এই টিকাকরণ কর্মসূচি চলবে। প্রায় ১,৫০০ প্রবীণ নাগরিককে বিনামূল্যে এই টিকা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। একইসঙ্গে এই টিকা নেওয়া প্রবীণদের বিমার আওতায় আনা হবে। ভ্যাকসিনের পর কোনও শারীরিক সমস্যা দেখা দিলে বা হাসপাতালে ভর্তি হওয়ার প্রয়োজন হলে, বিমার সুবিধার মাধ্যমে তা পূরণ করা হবে। এজন্য নিযুক্ত করা হয়েছে আলাদা চিকিৎসক ও নার্সের দল। স্বাস্থ্য দপ্তরের তরফে জানানো হয়েছে, টিকাকরণের আগে মানুষকে ভ্যাকসিনের গুরুত্ব সম্পর্কে বোঝাতে এবং কোনও রকম বিভ্রান্তি দূর করার লক্ষ্যে সচেতনতামূলক প্রচার চলবে।

উল্লেখ্য, প্রতিটি প্রবীণ নাগরিককে দুটি ডোজ টিকা দেওয়া হবে। পরবর্তী দুই বছর তাঁদের স্বাস্থ্য পরিস্থিতি পর্যবেক্ষণে রাখা হবে, যাতে ভ্যাকসিনের কার্যকারিতা ও পার্শ্বপ্রতিক্রিয়া মূল্যায়ন করা যায়। দেশের বিভিন্ন রাজ্যের রিপোর্ট স্বাস্থ্য মন্ত্রকে জমা পড়বে। সেই তথ্য বিশ্লেষণ করেই পরবর্তী পদক্ষেপ ও সর্বভারতীয় পর্যায়ে প্রকল্প চালুর সিদ্ধান্ত নেওয়া হবে।

\*\*\*\*\*

কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই ভোরের দিকে ভালোই শীত অনুভূত হচ্ছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ৩ দশমিক দুই ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে ২.৬ ডিগ্রি কম। রাজ্যের অন্যান্য জায়গাতেও তাপমাত্রা গতকালের মতোই রয়েছে। উত্তরবঙ্গের জেলাগুলিতেও গতকাল সর্বনিম্ন

তাপমাত্রা কিছুটা কমে ছিল। আবহাওয়া দপ্তরে পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন আগামী কয়েক দিনের তাপমাত্রার বিশেষ হেরফের হবেনা।

\*\*\*\*\*

অন্তর্ভুক্তি ও শিক্ষা মূলক কর্মসূচীর অঙ্গ হিসেবে দার্জিলিং হিমালায়ান রেল-DHR, শিশু দিবস উপলক্ষ্যে আজ থেকে তিনদিন ব্যাপী বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে। DHR-এর ডিরেক্টর খ্যাত চৌধুরী জানিয়েছেন, আগামীকাল অটিজম রয়েছে এমন ও বিশেষ ক্ষমতাসম্পন্ন শিশুদের নিয়ে শিলিঙ্গড়ি থেকে রংটং পর্যন্ত ঐতিহ্যবাহী ট্রেন যাত্রার আয়োজন করা হয়েছে। শনিবার (১৫'ই নভেম্বর) সুকনা রেল স্টেশনে মহাত্মা গান্ধীর দার্জিলিং সফরের শত বর্ষ পূর্তি উপলক্ষ্যে বিশেষ পদ্যাত্মার আয়োজন করা হয়েছে। সেখানেই মহোৎসবের মাধ্যমে এই কর্মসূচীর সমাপ্তি ঘটবে।

\*\*\*\*\*

কলকাতার ইডেন গার্ডেনে আগামীকাল (শুক্রবার) থেকে শুরু হতে চলা ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে প্রথম ক্রিকেট টেস্টের জন্য ভিড় নিয়ন্ত্রণে কলকাতা পুলিশ স্টেডিয়াম সংলগ্ন বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করবে।

শুক্রবার সকাল সাতটা থেকে মঙ্গলবার সন্ধ্যে সাতটা পর্যন্ত স্ট্র্যান্ড রোড, সেন্ট জর্জ গেট রোড সহ মধ্য কলকাতার ধর্মতলা এলাকার বিভিন্ন রাস্তায় পন্যবাহী যান চলাচল এর উপরে নিমেধাজ্ঞা জারি করা হয়েছে। পাশাপাশি বাবুঘাট চতুরের বাস স্ট্যান্ড অন্য জায়গায় সরিয়ে দেওয়া ছাড়াও ওই দিনগুলিতে খেলার মাঠ সংলগ্ন রাস্তাগুলো দিয়ে চলাচলকারী যাত্রীবাহী বাস অন্য পথে ঘূরিয়ে দেওয়া হবে বলে কলকাতা পুলিশের তরফে জানানো হয়েছে। সম্প্রতি দিল্লিতে বিস্ফোরণের জেরে নিরাপত্তায় বিশেষ নজরদারির ব্যবস্থা করা হয়েছে।

\*\*\*\*\*